# 2 0 1 6

## ELECTIVE BENGALI

Paper : 6.2

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

অসমের বাংলা সাহিত্য *অথবা* প্রতিবেশী সাহিত্য—এর যে কোনো একটি থেকে উত্তর করতে হবে।

( অসমের বাংলা সাহিত্য )

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) নিরুদ্দেশ গুণধরকে খুঁজতে কতজন বেরিয়েছিল?

(খ) গুণধরের বাবার দোকানটির নাম কী?

(গ) গুণধর ক্লাস টেনে কোন্ বিষয়ে হায়েস্ট মার্ক পেয়েছিল?

(ঘ) ছন্দার বয়স কত?

(ঙ) ভূমিকম্প হলে গুণধরের আনন্দ হয় কেন?

(চ) সুজিৎ চৌধুরীর মামার বাড়ি কোন্ গ্রামে?

(ছ) সুজিৎ চৌধুরী যাঁকে 'জ্যাঠাইমা' বলে ডাকতেন তাঁর নাম কী?

(জ) বিবাহের পর সুজিৎ চৌধুরীর বাবা কার সঙ্গে ভাগ করে বাসা ভাড়া নিয়েছিলেন?

(ঝ) নীরদকুমার গুপ্তের লেখা বইটির নাম কী?

(ঞ) "এক হিসেবে তিনি আমার প্রথম সাংস্কৃতিক শিক্ষক।" সুজিৎ চৌধুরীর এই সাংস্কৃতিক শিক্ষক কে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) "কল্পনার জগৎ থেকে নেমে এসো। ট্রাই টু বি প্র্যাক্টিকাল।" কে, কাকে একথা বলেছেন?

(খ) "হাসির হাটে গোমড়া মুখে
দাঁড়িয়ে থাকে, সে কে?
দুই চোখে যার জল!"

কে, কার সম্পর্কে এই ছড়া বলেছে?

(গ) সুজিৎ চৌধুরী এবং তাঁর দাদার দুটি বিশেষ খেলনা ছিল। সেই খেলনা দুটি কী কী?

(ঘ) 'বাংলার গ্রেস' কাকে বলা হত? বাংলায় খেলার জগতে তাঁর সুপ্তপ্রায় স্মৃতি কীভাবে টিকে রয়েছে?

(ঙ) ১৯৬১ সালে সুজিৎ চৌধুরীর পিতাকে কেন জেলে যেতে হয়েছিল? তখন সুজিৎ চৌধুরীর পিতার বয়স কত ছিল?





৩। প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) শীতকালে পাখিদের নিয়ে দুশ্চিন্তা থেকে বালক সুজিৎ চৌধুরী একান্ত ব্যক্তিগত একটি খেলা তৈরি করেছিলেন। খেলাটির বর্ণনা দাও।

(খ) হেডমাস্টারমশাই অর্থাৎ মেসোমশাইয়ের ছাতার সরস কাহিনিটির প্রসঙ্গ উল্লেখ করে বর্ণনা করো।

(গ) টীকা লেখো : সুজিৎ চৌধুরীর দিদিমণি।

(ঘ) গুণধরের বাবার দোকানের ফোনে উজ্জ্বল ও তার বাবার যে কথোপকথন হয়েছিল তার সারাংশ লিপিবদ্ধ করো এবং এ সম্পর্কে গুণধরের যে প্রতিক্রিয়া হয়েছিল তা বর্ণনা করো।

(ঙ) যে টুকরো টুকরো ঘটনার দ্বারা গুণধরের অসুখকে স্পষ্ট করে তোলার চেষ্টা করা হয়েছে তার অন্তত পাঁচটি উদাহরণ দাও।

(চ) টীকা লেখো : গোপাল মাস্টার।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) "সংলাপ এই নাটকে সাহিত্য নয়, নিছক কথাই। কিন্তু তার তলায় তলায় আছে চোরা স্রোতের টান।" 'গুণধরের অসুখ' নাটক অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য বিচার করো।

(খ) " 'গুণধরের অসুখ' নাটকে সংগীতের ব্যবহার নাটকটিকে এক অনবদ্য শিল্পে উন্নীত করেছে।" নাটকটিতে ব্যবহৃত গানগুলির উল্লেখ করে এই মন্তব্যের যাথার্থ্য নিরূপণ করো।

(গ) " 'গুণধরের অসুখ' নাটকে উজ্জ্বল-ছন্দা-পবিত্রের ত্রিকোণ প্রেম-কাহিনিতে সময় বিশেষে গুণধরের ভিন্ন ভিন্ন চরিত্রের সঙ্গে একাত্ম হয়ে ওঠা নিছক তার পাগলামি নয়, বরং তা মানবতারই চূড়ান্ত নিদর্শন।" প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটি বিশ্লেষণ করো।

(ঘ) অ্যাবসার্ড নাটকের লক্ষণগুলি আলোচনা করে অ্যাবসার্ড নাটক হিসাবে 'গুণধরের অসুখ' নাটকটি কতখানি সার্থকতার দাবি করতে পারে, আলোচনা করো।

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) "সাদাসিধে নরম প্রকৃতির মানুষ হলেও সুজিৎ চৌধুরীর মায়ের এক আলাদা ধরনের ব্যক্তিত্ব ছিল।" সুজিৎ চৌধুরীর মায়ের চরিত্র আলোচনা করে উক্তিটির যাথার্থ্য নিরূপণ করো।

(খ) 'মৎস্য-কূর্ম-দ্বৈতপুরাণ' অংশে বর্ণিত সুজিৎ চৌধুরীদের মাছ ধরার ঘটনাগুলির বিস্তারিত বিবরণ দাও।

(গ) " 'হারানো দিন হারানো মানুষ' যেন দেশভাগের বলি প্রতিটি পরিবারের, প্রতিটি মানুষের হৃদয় খুঁড়ে বেদনা জাগানোর এক অনবদ্য উপাখ্যান।" গ্রন্থটির পাঠ্য অংশ অবলম্বনে আলোচনা করো।

(ঘ) " 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থের প্রথম পর্বের প্রধান উপজীব্য একটি প্রায় অবাস্তব স্বপ্নময় জগতে শিশুমনের বিচিত্র সব অনুভূতির বিকাশ ও অভিজ্ঞতা সঞ্চয়।" গ্রন্থটির পাঠ্য অংশ অবলম্বনে উক্তিটির যাথার্থ্য নিরূপণ করো।





## ( প্রতিবেশী সাহিত্য )

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) সুন্দর কোঁয়রের বিশ্বাসী দাস বা অনুচরের (লিগিরা) নাম কী?

(খ) কাঞ্চনমতী কাকে ভালবাসত?

(গ) সুদর্শন কে ছিল?

(ঘ) 'কারেঙর লিগিরী' নাটকে সুন্দরের বয়স কত?

(ঙ) "মইনো এই নির্জন বনত কেনেকৈ অকলে অকলে থাকিম।" কার উক্তি?

(চ) গোবিন্দপুর গ্রামে ব্রাহ্মণ পাড়ার আসল নাম কী?

(ছ) চম্পার আরেকটি নাম কী ছিল?

(জ) গোবরা জেনা কে?

(ঝ) শেখ ইনায়েৎ হোসেন কে ছিলেন?

(ঞ) রামচন্দ্র মঙ্গরাজ কে ছিলেন?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) "সমাজ তোমাক নালাগিব পারে, কিন্তু মোক লাগে।" উক্তিটি কে, কার উদ্দেশে করেছেন?

(খ) শেওয়ালিকে বাদ দিয়ে সুন্দরের রাজসভার বাকি দুজন দাসীর নাম লেখো।

(গ) 'কারেঙর লিগিরী' নাটকে কে, কাকে 'ভৈয়ামর মইনা পখী' বলেছিল ?

(ঘ) নটবর ঘনশ্যাম বাঘসিংহের পুত্র সংখ্যা কত ? জ্যেষ্ঠপুত্রের নাম লেখো।

(ঙ) ''হাঁড়ির মাপেই সরা হয়।'' এখানে 'হাঁড়ি' ও 'সরা' বলতে কাদের বোঝানো হয়েছে ?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) রাজমহলে সুন্দরের শয়নকক্ষের বর্ণনা দাও।

(খ) 'কারেঙর লিগিরী' নাটকের কাহিনি ধারায় দ্বিতীয় অঙ্কের অন্তর্গত কাজিরঙা অরণ্য-দৃশ্যটির গুরুত্ব বিশ্লেষণ করো।

(গ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

''শতাব্দী ধরি গোট খাই থকা সমাজর আবর্জনা ধুই সমাজক নির্মল আরু পবিত্র করিবলৈ এক প্রলয়র অতি আবশ্যক হৈছে। তেন্তে মই সেই প্রলয়ক আজি আহ্বান করিছোঁ।''

(ঘ) ছোট মিঞা শেখ দিলদারের কাছারি বাড়ির বর্ণনা দাও।

(ঙ) ''ঠাকুরাণী আসিয়াছিলেন বলিয়া নিঃসন্দেহে স্থির হইল।'' 'বুড়ি মঙ্গলা' অংশ অবলম্বনে উক্তিটির প্রাসঙ্গিক ঘটনার বিবরণ দাও।

(চ) ''মঙ্গরাজের জীবনক্ষেত্রে দুইটি নদী প্রবাহিত হইত। একটি উত্তাল তরঙ্গময়ী সর্প কুম্ভীরসঙ্কুলা কুলপ্লাবিনী চর্মণ্বতী, আর একটি অন্তঃস্রোতা পূতঃসলিলা কুলপ্লাবনী ফল্গু।'' অন্তর্নিহিত অর্থ পরিস্ফুট করো।





৪। মঙ্গরাজের পরিজন সম্পর্কে নাতিদীর্ঘ আলোচনা করো। ১০

*অথবা*

চম্পা চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

৫। 'উনিশ বিঘা দুই কাঠা' উপন্যাসে নিচুতলার মানুষের যে বাস্তব জীবনচিত্র ফুটে উঠেছে তা লিপিবদ্ধ করো। ১০

*অথবা*

'উনিশ বিঘা দুই কাঠা' (ছ মণ আঠ গুন্ঠ) উপন্যাসের 'মন্ত্রণা' অংশে মঙ্গরাজ ও চম্পার মধ্যে যে গোপন পরামর্শ হয়েছিল তার সংক্ষিপ্ত বিবরণ দাও। ১০

৬। 'কারেঙর লিগিরী' নাটকের রাজমাও চরিত্রটি আলোচনা করো। ১০

*অথবা*

''শেওয়ালি ছিল একজন সাধারণ মেয়ে যে নিজেকে ধ্বংস করার বাইরে সামাজিক নীতি-নিয়মের বাইরে গিয়ে নিজের আকাঙ্ক্ষা পূর্ণ করার কোন উপায়ের চিন্তা করতে পারে না।'' শেওয়ালি চরিত্রটি আলোচনা করে উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ১০

৭। 'কারেঙর লিগিরী' নাটকে পার্শ্ব চরিত্র হিসাবে রেবতী, সেউজী ও রুনুক-ঝুনুক-ঠুনুকের ভূমিকা স্পষ্ট করো। ১০

*অথবা*

'কারেঙর লিগিরী' নাটকের অনঙ্গ চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

★ ★ ★